বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
মুখপাত্র
www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/০৫

তারিখ: ০১ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ
১৪ ফেব্রুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

৯০০ তম কমিশন সভা অদ্য ১৪/০২/২০২৪ তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:-

১। কমিশন অদ্যকার সভায়, SME Sector এ দীর্ঘমেয়াদী অর্থায়নের সুযোগ সৃষ্টির লক্ষ্যে Craftsman Footwear & Accessories Limited এর ৫.০০ কোটি টাকার মূলধন উত্তোলনের জন্য Bangladesh Securities and Exchange Commission (Qualified Offer by Small Capital Companies) Rules, 2022 অনুযায়ী ৫,০০০,০০০টি সাধারণ শেয়ার প্রতিটি ১০/- টাকা মূল্যে QIO এর মাধ্যমে Eligible Investors এর নিকট ইস্যু করার প্রস্তাব অনুমোদন করেছে। এই QIO-এর মাধ্যমে উত্তোলিত অর্থ কোম্পানিটি ব্যালেন্সিং, আধুনিকায়ন, বিস্তার ও প্রতিস্থাপন, ব্যাংক ঋণ পরিশোধ, কার্যকরী মূলধন ব্যবস্থাপনা এবং ইস্যু ব্যবস্থাপনা খরচ খাতে ব্যয় করবে। কোম্পানিটির ১লা জুলাই ২০২২ হতে ৩০ জুন ২০২৩ পর্যন্ত সময়কালের আর্থিক বিবরণী অনুযায়ী শেয়ার প্রতি আয় ২.৩৫ টাকা এবং শেয়ার প্রতি নীট সম্পদ (NAV) ১৬.৭২ টাকা। SME Platform এ লেনদেনের তারিখ হতে পরবর্তী ০৩ (তিন) বছর ইস্যুয়ার কোম্পানি কোন বোনাস শেয়ার ইস্যু করতে পারবে না। কোম্পানিটির ইস্যু ব্যবস্থাপনার দায়িত্বে নিয়োজিত রয়েছে Green Delta Capital Limited।

২। Aamra Networks Limited ১০.০০ (দশ) টাকা মূল্যের ৩০,৯৯৩,৩০৪ টি সাধারণ শেয়ার প্রতিটি ৩০.০০ টাকা মূল্যে (শেয়ার প্রতি ২০.০০ টাকা হারে প্রিমিয়াম সহ) রাইটস শেয়ার হিসেবে ইস্যুর মাধ্যমে (১আ:২ হারে অর্থাৎ বিদ্যমান দুইটি সাধারণ শেয়ারের বিপরীতে একটি সাধারণ শেয়ার রাইটস হিসেবে) মোট ৯২৯,৭৯৯,১২০.০০ টাকা মূলধন সংগ্রহের জন্য আবেদন করে। সেই প্রেক্ষিতে কমিশন অদ্য অনুষ্ঠিত ৯০০ তম কমিশন সভায় বিষয়টি অনুমোদন করছে।

Aamra Networks Limited এর ব্যাংক ঋণ পরিশোধ, Network System Upgradation, Network Coverage Expansion ও রাইট ইস্যু সংক্রান্ত খরচ মেটানোর লক্ষ্যে এই রাইটস শেয়ার ইস্যু থেকে অর্জিত অর্থ ব্যবহৃত হবে। উল্লেখ্য যে, রাইটস শেয়ার ডকুমেন্ট অনুযায়ী ৩০ শে জুন, ২০২৩ ইং তারিখে সমাপ্ত হিসাব বছরে কোম্পানিটির শেয়ার প্রতি নীট সম্পদ মূল্য (NAV) টাকা ৩৮.১১ এবং শেয়ার প্রতি আয় (EPS) টাকা ৩.৬৪। UCB Investment Limited সংশ্লিষ্ট ক্ষেত্রে ইস্যু ব্যবস্থাপকের দায়িত্ব পালন করছে।

14-02-2024

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র